জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জয়পৌঃসঃ/প্রকৌ/২০২১-২২/ 294 তারিখঃ 06/09/2021

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৬ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৯/০৯/২০২১ইং তারিখ রোজঃ রবিবার সময়ঃ বেলা ২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৬ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। কোভিড-১৯ বিষয়ে আলোচনা।
৩। বিবিধ

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৬
জয়পুরহাট পৌরসভা।
06/09/2021

প্রাপক ঃ

..............................................................

..............................................................

**জয়পুরহাট পৌরসভা কার্যালয়**
**জয়পুরহাট।**

ওয়ার্ড কমিটি (WC) এর ৫৬ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০৬

সভাপতি ঃ মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ১৯/০৯/২০২১ইং।

রোজ ঃ রবিবার।

সময় ঃ বেলা ২.০০ ঘটিকা।

অদ্য ১৯/০৯/২০২১ ইং তারিখ রোজঃ রবিবার, সময়ঃ বেলা ২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ৬নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬।
সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

২ নং আলোচ্য সূচী ঃ কোভিড-১৯ বিষয়ে সচেতনতামূলক আলোচনা ।

আলোচনাঃ ওয়ার্ড কমিটির সভাপতি মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা এ বিষয়ের উপর আলোকপাত করলে বিষয় টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি সভায় আরো বলেন কোভিড-১৯ ''করোনা ভাইরাস'' বর্তমানে আমাদের দেশে সংক্রামনের হার ও মৃত্যর হার নিম্ন মুখী। তাই বলে অবহেলা করার কোন সুযোগ নেই। অবশ্যই মাস্ক পরিধান করবো ও সরকারি সকল স্বাস্থ্য বিধি মেনে চলবো এবং ২৫ উর্দ্ধো নাগরিক সকলেই আমরা কোভিড-১৯ এর ভ্যাকসিন নিব।

সিদ্ধান্ত ঃ উপস্থিত সকলে কোভিড-১৯ এর সকল স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে মেনে চলা ও ওয়ার্ডের প্রতিটি মানুষ কে সচেতন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি WC কমিটি
ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।
তারিখ ঃ ১৯/০৯/২০২১

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/২৫০(০৬)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ...................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৬
৩। অফিস নথি।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি WC কমিটি
ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৬ - এর
### ৫৬ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ মোঃ মামুনুর রশিদ, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৯/০৯/২০২১ইং
রোজ ঃ রবিবার।
সময় ঃ বেলা ২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মামুনুর রশিদ | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৬ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ৩ | বেনজির আহম্মেদ | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | বেনজির |
| ৪ | লাইজু আহম্মেদ | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | লাইজু |
| ৫ | আশা বেগম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | আশা |
| ৬ | মোঃ সহিদুল ইসলাম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | সহিদুল |
| ৭ | মোঃ দিলদার হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | - |
| ৮ | আলতা বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | আলতা |
| ৯ | মোছাঃ সেলী বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | সেলী |
| ১০ | মোঃ মোস্তাফিজার রহমান | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | 01746061233 |